# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

১২. মুযায়নাহ প্রতিনিধি দল (وفد مزينة)

নু‘মান বিন মুক্বার্রিন বলেন, আমরা মুযায়নাহ গোত্রের ৪০০ লোক নিয়ে রাসূল (ছাঃ)-এর দরবারে উপস্থিত হই। অতঃপর যখন আমরা ফিরে আসি, তখন রাসূল (ছাঃ) বললেন,يَا عُمَرُ زَوِّدِ الْقَوْمَ ‘হে ওমর! ওদেরকে পাথেয় দাও’। ওমর বললেন, আমার কাছে খেজুর ব্যতীত কিছুই নেই। রাসূল (ছাঃ) পুনরায় বললেন,انْطَلِقْ فَزَوِّدْهُمْ ‘যাও ওদেরকে পাথেয় দাও’। তখন ওমর গেলেন এবং তাদেরকে তার বাড়ীর ছাদে উঠালেন। দেখা গেল সেখানে উটের বোঝার ন্যায় বড় বড় খেজুরের স্তূপ রয়েছে। তারা সেখান থেকে তাদের প্রয়োজন মত নিয়ে নিল। নু‘মান বলেন, আমি সবশেষে বের হই এবং দেখি যে, পূর্বের একটি খেজুরও তার স্থান থেকে হারিয়ে যায়নি’।[1]

[শিক্ষণীয় : (১) মেহমানকে সর্বাবস্থায় সম্মান করতে হবে। প্রয়োজনে তাদেরকে পাথেয় দিতে হবে। (২) সৎ নিয়ত থাকলে আল্লাহ বান্দাকে সাহায্য করে থাকেন। যেমন আল্লাহ ওমরকে সাহায্য করলেন। (৩) এটি রাসূল (ছাঃ)-এর দো‘আর বরকত এবং অপারগ হওয়া সত্ত্বেও আমীরের নির্দেশ মেনে নেওয়ার নগদ ইলাহী পুরস্কার। (৪) এটি রাসূল (ছাঃ)-এর অন্যতম মু‘জিযা।]

## ফুটনোট

[1]. যাদুল মা‘আদ ৩/৫৪৫; আহমাদ হা/২৩৭৯৭, ছহীহ লেগায়রিহী -আরনাঊত্ব।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5682

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন